→ বিওসি বাংলাদেশ লিমিটেড

BOC
A Member of The Linde Group

বার্ষিক প্রতিবেদন ২০১০

সূচীপত্র

০১ কোম্পানীর দর্শন
০২ বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি
০৩ পরিচালকমন্ডলী
০৬ আর্থিক ইতিবৃত্ত
০৭ এক নজরে সারা বছর
০৭ মূল্য সংযোজিত বিবরণ
০৮ সভাপতির প্রতিবেদন
১১ পরিচালকমন্ডলীর প্রতিবেদন
১২ কমিটিসমূহ

১৭ শেয়ারহোল্ডারদের প্রতি অডিটরদের প্রতিবেদন
১৮ আর্থিক অবস্থার বিবরণ
১৯ কমপ্রিহেনসিভ আয়ের বিবরণ
২০ ইক্যুইটি পরিবর্তনের বিবরণ
২১ নগদ অর্থ প্রবাহের বিবরণ
২২ কনসলিডেটেড আর্থিক অবস্থার বিবরণ
২৩ কনসলিডেটেড কমপ্রিহেনসিভ আয়ের বিবরণ
২৪ কনসলিডেটেড ইক্যুইটি পরিবর্তনের বিবরণ
২৫ কনসলিডেটেড নগদ অর্থ প্রবাহের বিবরণ
২৬ হিসাবের টীকাসমূহ

৫০ কোম্পানীর অবস্থানসমূহ
৫২ কোম্পানীর পণ্যসামগ্রী ও সেবাসমূহ

কোম্পানীর দর্শন

বাংলাদেশের যেসব ব্যবসায়িক খাতে আমরা নিয়োজিত, সেসব খাতে আমরা নেতৃস্থানীয় হিসেবে স্বীকৃত হবো ।

ক্রমাগত উদ্ভাবন,পরিচালন দক্ষতা, ব্যয় যথার্থতা ও আমাদের কর্মীদের প্রতিভার মাধ্যমে সর্বাত্মক প্রচেষ্টার দ্বারা গ্রাহকদের সন্তুষ্টি বিধানের উপর আমাদের সাফল্য প্রতিষ্ঠিত হবে ।

আমরা সর্বদাই আমাদের কাজে সততা ও দায়িত্ববোধের উচ্চমান প্রয়োগ করবো ।

বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা এই মর্মে বিজ্ঞপ্তি প্রদান করা যাচ্ছে যে, বিওসি বাংলাদেশ লিমিটেড-এর ৩৮তম বার্ষিক সাধারণ সভা আগামী ১২ই মে ২০১১, রোজ বৃহস্পতিবার, সকাল ১০টা ৩০ মিনিটে অফিসার্স ক্লাব, ২৬ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০-এ অনুষ্ঠিত হবে। সভার আলোচ্যসূচী নিম্নরূপ:

১। ৩১শে ডিসেম্বর ২০১০ সমাপ্ত বছরের জন্য অডিটরদের এবং পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন।

২। ৩১শে ডিসেম্বর ২০১০ সমাপ্ত বছরের জন্য লভ্যাংশ ঘোষণা।

৩। পরিচালক নির্বাচন।

৪। অডিটরদের নিয়োগদান ও পারিশ্রমিক নির্ধারণ।

পরিচালকমন্ডলীর আদেশক্রমে

এম নাজমুল হোসেন
কোম্পানী সচিব
১০ই মার্চ ২০১১

রেজিষ্ট্রিকৃত কার্যালয়
কর্পোরেট অফিস
২৮৫ তেজগাঁও শি/এ
ঢাকা-১২০৮

টীকা:

১. ২৩ মার্চ ২০১১ হচ্ছে রেকর্ড ডেট। যে সকল শেয়ারহোল্ডারগণের নাম উক্ত তারিখ পর্যন্ত কোম্পানীর সদস্য বহি কিংবা ডিপজিটরী বহিতে বৈধভাবে থাকবে তাদের হস্তান্তরিত শেয়ারসমূহের জন্য উক্ত শেয়ার গ্রহীতা সাধারণ সভায় যোগদানের এবং লভ্যাংশ লাভের যোগ্য বলে বিবেচিত হবেন।

২. বার্ষিক সাধারণ সভায় যোগদানের যোগ্য সদস্য তার পক্ষে সভায় যোগদান ও ভোট প্রদানের জন্য একজন প্রক্সি নিয়োগ করতে পারেন। নিজ অধিকারে সভায় যোগদান ও ভোট প্রদানে সক্ষম না হলে কোন ব্যক্তি প্রক্সি হিসেবে কাজ করতে পারবেন না।

৩. যথাযথভাবে পূরণকৃত প্রক্সি ফরম অবশ্যই ০৯ই মে ২০১১, সোমবার সকাল ১০টা ৩০ মিনিটের মধ্যে কোম্পানীর রেজিষ্ট্রিকৃত কার্যালয়ে জমা দিতে হবে, অন্যথায় তা বৈধ বলে বিবেচিত হবে না।

শেয়ারহোল্ডারগণ ২০১০ সালের ১৩ই মে অনুষ্ঠিত কোম্পানীর ৩৭তম বার্ষিক সাধারণ সভায়

পরিচালকমন্ডলী

এম সাইদুজ্জামান

১৯৯২ সাল হতে সভাপতি ।

জনাব সাইদুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পদার্থ বিদ্যায় এমএসসি ডিগ্রী লাভের পর যুক্তরাজ্যের কেমব্রিজের সেন্ট জন্স কলেজে অধ্যয়ন করেন । অতঃপর যুক্তরাষ্ট্রে ম্যাসাচুসেট্সের উইলিয়াম্স কলেজ থেকে উন্নয়ন অর্থনীতিতে এমএ ডিগ্রী লাভ করেন । তিনি একজন উন্নয়ন প্রশাসক এবং আর্থিক ব্যবস্থাপনা ও বৈদেশিক সহায়তা সমন্বয়ের ক্ষেত্রে দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি । ১৯৫৬ সালে পাকিস্তান সিভিল সার্ভিসে যোগদানের মাধ্যমে তাঁর কর্মজীবনের শুরু । অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের সচিবসহ বিভিন্ন পদে এবং সরকারের মুখ্য অর্থ সচিব হিসেবে বেশ কিছুকাল অধিষ্ঠিত ছিলেন । ১৯৮৭ সালের শেষদিকে সরকার থেকে পদত্যাগের পূর্বে তিনি বাংলাদেশের অর্থমন্ত্রী ছিলেন । জনাব সাইদুজ্জামান অতি সাম্প্রতিক কাল পর্যন্ত আন্তর্জাতিক পরামর্শক হিসেবে বিভিন্ন ক্ষেত্রে দায়িত্ব পালন করেছেন । ১৯৯৫ সাল হতে তিনি 'সেন্টার ফর পলিসি ডায়ালগ' দেশের নেতৃস্থানীয় একটি সামাজিক সংগঠন 'থিঙ্ক ট্যাংক', এর ট্রাষ্টি বোর্ডের একজন সদস্য । ১৯৯৯ সালের অক্টোবর থেকে তিনি বেসরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত একটি নতুন বাণিজ্যিক ব্যাংক, 'ব্যাংক এশিয়া লিঃ' এর চেয়ারম্যান নির্বাচিত হন, তিনি উক্ত পদ হতে ২০০৮ সালের ১লা জুনে সরে দাঁড়ান । ২০০২ সালের প্রথমদিকে জনাব সাইদুজ্জামান বাংলাদেশ রাইস ফাউন্ডেশনের চেয়ারম্যান নির্বাচিত হন এবং ২০০৮ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত উক্ত পদে আসীন ছিলেন । তিনি ২০০৩ সাল হতে নব প্রতিষ্ঠিত ক্রেডিট রেটিং এজেন্সী অব বাংলাদেশ লিঃ এর চেয়ারম্যান নির্বাচিত হন, এটি একটি পাবলিক লিমিটেড কোম্পানী যা আর্থিক এবং আর্থিক বহির্ভূত প্রতিষ্ঠানসমূহের জন্য ক্রেডিট রেটিং বিষয়ক সেবা প্রদান করে থাকে । ২০০৫ সাল হতে তিনি ওয়াশিংটন ভিত্তিক ইন্টারন্যাশনাল ফুড পলিসি রিসার্চ ইন্সটিটিউট (IFPRI)-এর "২০২০ সালের জন্য ভিশন" ইনিশিয়েটিভের ইন্টারন্যাশনাল এডভাইজরি কাউন্সিলের একজন সদস্য । জনাব সাইদুজ্জামানকে ২০০৭ সালের জানুয়ারী মাসের ০১ তারিখ হতে ফিলিপাইনের ইন্টারন্যাশনাল রাইস রিসার্চ ইনস্টিটিউট (IRRI)-এর ট্রাষ্টি বোর্ডের একজন সদস্য করা হয়েছে । একই বছরে তিনি পাকিস্তান-এর ইসলামাবাদ-এ অবস্থিত মাহাবুবুল হক হিউম্যান ডেভেলপমেন্ট সেন্টারের এডভাইজরি বোর্ডের একজন সদস্য হিসেবে নিয়োগপ্রাপ্ত হন ।

ওয়ালিউর রহমান ভূঁইয়া, OBE

১৯৯৮ সাল হতে ব্যবস্থাপনা পরিচালক ।

জনাব ভূঁইয়া ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে স্নাতকোত্তর এবং এমবিএ ডিগ্রী লাভ করেন । ১৯৭৫ সাল হতে কোম্পানীতে তিনি তাঁর কর্মজীবন শুরু করেন । গ্যাস এবং ওয়েল্ডিং ব্যবসায়ের বিভিন্ন উচ্চ পদে দায়িত্ব পালন করেন এবং কোম্পানীর কর্মচারী প্রশাসনের ব্যবস্থাপক হিসেবেও দায়িত্ব পালন করেছেন । ১৯৯৬ সালে তিনি বোর্ডের একজন পরিচালক হিসেবে নিয়োগ প্রাপ্ত হন ।

জনাব ভূঁইয়া ফরেন ইনভেস্টরস চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ-এর সভাপতি ছিলেন । তিনি ইতোপূর্বে ১৯৯৯ হতে ২০০৩ সাল এবং ২০০৭ হতে ২০০৯ সাল পর্যন্ত তিনবার এ পদে অধিষ্ঠিত ছিলেন । তিনি ২০০৭ সালে গ্রেট ব্রিটেন-এর মহামান্য রাণী কর্তৃক "অর্ডার অব ব্রিটিশ এমপায়ার" (OBE) পদবিতে ভূষিত হন । তিনি ২০০৮ সালের জুলাই মাসে ফিনল্যান্ড কর্তৃক অবৈতনিক কনসাল জেনারেল হিসেবে বাংলাদেশের জন্য নিয়োগ প্রাপ্ত হন । তিনি এসিআই লিমিটেড-এর বোর্ডের একজন পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন । তিনি চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এবং বিমান বাংলাদেশ এয়ারলাইনস্ লিঃ-এর বোর্ডের একজন পরিচালক ছিলেন ।

সঞ্জীভ লাম্বা

২০০৪ সাল হতে পরিচালক ।

জনাব সঞ্জীভ লাম্বা দি লিন্ডে এজি-এর এক্সিকিউটিভ বোর্ডের একজন সদস্য এবং তাঁর দয়িত্বে রয়েছে সিঙ্গাপুর ভিত্তিক এশিয়া প্যাসিফিক বিজনেস । তিনি বর্তমানেও দি লিন্ডে গ্রুপ-এর দক্ষিণ ও পূর্ব এশিয়ার রিজিওনাল বিজনেস ইউনিট-এর প্রধান ।

জনাব লাম্বা চার্টার্ড একাউন্ট্যান্সি পাশ করার পর ১৯৮৯ সালে দি লিন্ডে গ্রুপ-এর ইন্ডিয়া ইউনিটের বিওসি ইন্ডিয়া লিমিটেড-এ যোগদান করেন । তিনি ১৯৯৩ সালে ইউকে-তে দি বিওসি গ্রুপ পিএলসি-এর প্রধান কার্যালয়ের অডিট এবং কর্পোরেট ফাইন্যান্স বিভাগের দায়িত্বে নিয়োজিত ছিলেন এবং তার পূর্বে তিনি বিওসি ইন্ডিয়া-তে ফাইন্যান্স ও ট্রেজারী অপারেশনে কাজ করেছেন । জনাব লাম্বা ২০০০ সালে বিওসি ইন্ডিয়া-এর বোর্ডে অর্থ বিষয়ক পরিচালক হিসেবে যোগদানের পূর্বে তিনি ১৯৯৭ সালে গ্রুপ হতে বিওসি ইন্ডিয়া-তে ফাইন্যান্স-এর প্রধান হিসেবে প্রত্যাবর্তন করেন ।

জনাব লাম্বা ২০০১ সালে বিওসি ইন্ডিয়া লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব গ্রহণ করেন এবং তাঁর যোগ্য নেতৃত্বে পরবর্তী চার বছরে কোম্পানীর ব্যবসায়ে ব্যাপক সফলতা বয়ে আনেন । জনাব লাম্বা ২০০৫ সালে সিঙ্গাপুরে দক্ষিণ ও দক্ষিণ পূর্ব এশিয়ার সাতটি দেশব্যাপী পরিচালিত প্রসেস গ্যাস স্যলুশন-এর বিজনেস ইউনিটের প্রধান হিসেবে দায়িত্বপ্রাপ্ত হন । ২০০৬ সালে লিন্ডে এজি গ্রুপের সাথে বিওসি-এর বিজনেস একীভূত হওয়ার পরিপ্রেক্ষিতে জনাব লাম্বা দক্ষিণ ও পূর্ব এশিয়ার রিজিওনাল বিজনেস ইউনিট-এর প্রধান হিসেবে নিয়োগপ্রাপ্ত হন । তিনি দক্ষিণ ও পূর্ব এশিয়ার পূর্বে দক্ষিণ কোরিয়া হতে পশ্চিমে পাকিস্তান পর্যন্ত বিস্তৃত এগারোটি দেশের অতি সম্ভাবনাময় বিজনেস-এর দায়িত্বে আছেন ।

জনাব লাম্বা ২০১১ সালের মার্চ মাসে দি লিন্ডে এজি-এর এক্সিকিউটিভ বোর্ডের একজন সদস্য নির্বাচিত হয়েছেন ।

জনাব লাম্বা বিজনেস ও প্রফেশনাল বডির একজন সক্রিয় সদস্য হিসেবে এশিয়া ইন্ডাষ্ট্রিয়্যাল গ্যাসেস এসোশিয়েসন (AIGA)-এর এক্সিকিউটিভ কমিটির দায়িত্ব পালন করছেন । তিনি বিভিন্ন চেম্বারস অব কমার্স এ্যান্ড ইন্ডাষ্ট্রি-এর সদস্য হিসেবেও সম্পৃক্ত রয়েছেন । ।

বিনোদ পাটওয়ারী

২০০৮ সাল হতে পরিচালক ।

জনাব পাটওয়ারী দি লিন্ডে গ্রুপ-এর সদস্য লিন্ডে গ্যাস এশিয়া প্রাঃ লিমিটেড-এর দক্ষিণ এবং পূর্ব এশিয়ার ফাইন্যান্স ও কন্ট্রোল-এর প্রধান । তিনি পূর্বে দক্ষিণ কোরিয়া হতে পশ্চিমে পাকিস্তান পর্যন্ত বিস্তৃত এগারোটি দেশের ফাইন্যান্স ও কন্ট্রোল বিজনেস-এর ব্যবস্থাপনার দায়িত্বে আছেন । সিঙ্গাপুরে অবস্থিত রিজিওনাল হেডকোয়ার্টারস্-এ তাঁর কার্যালয় অবস্থিত ।

জনাব পাটওয়ারী তের বছরেরও বেশী সময় ধরে লিন্ডে কোম্পানীতে রয়েছেন । তিনি ১৯৯৭ সালে লিন্ডের ইন্ডিয়া ইউনিট-এর বিওসি ইন্ডিয়া লিমিটেড-এর ফাইন্যান্স বিভাগে প্রথমে একজন একাউন্ট্যান্ট এবং পরে ট্রেজারার হিসেবে যোগদান করেন । তিনি ২০০১ সালে কলিকাতা হতে সিঙ্গাপুরে অবস্থিত রিজিওনাল অফিসে দক্ষিণ পূর্ব এশিয়া অঞ্চলের ছয়টি দেশের ফাইন্যান্স ও প্ল্যানিং-এ প্ল্যানিং ম্যানেজার হিসেবে দায়িত্ব গ্রহণ করেন । তিনি এক বছর পরে দি বিওসি গ্রুপ পিএলসি-এর ইউকে-তে কর্পোরেট ফাইন্যান্স ম্যানেজার হিসেবে ক্যাপিটাল এক্সপেনডিচার প্রজেক্টস এবং গ্রুপ ব্যাপী একীভূতকরণ বিষয়ক পোর্টফলিও-এর ইনভেষ্টমেন্ট এপ্রাইজাল এবং ইভালুয়েশন-এর কাজ করেন । তিনি ২০০৪ সালের আগষ্ট মাসে অষ্ট্রেলিয়ার সিডনিতে দক্ষিণ প্যাসিফিক-এর পিজিএস বিজনেস-এ জেনারেল ম্যানেজার ফাইন্যান্স হিসেবে যোগদান করেন । তিনি ২০০৫ সালের ডিসেম্বর মাসে কলিকাতা-তে ফিরে এসে দক্ষিণ এবং দক্ষিণ পূর্ব এশিয়ার পিজিএস বিজনেস-এ ফাইন্যান্স ডাইরেক্টর হিসেবে দায়িত্ব গ্রহণ করেন । ২০০৬ সালে একটি আত্মীকরণ প্রক্রিয়ার মাধ্যমে দি বিওসি গ্রুপ লিন্ডে এজি কর্তৃক অধিগৃহীত হওয়ার ফলে লিন্ডে গ্রুপ প্রতিষ্ঠিত হওয়ায় জনাব পাটওয়ারী তার বর্তমান পদে দায়িত্ব পালনের জন্য সিঙ্গাপুরে স্থানান্তরিত হন ।

জনাব পাটওয়ারী কলিকাতা বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক (সম্মান) এবং কলিকাতা আইসিএফএআই (ICFAI) বিজনেস স্কুল হতে এমবিএ (MBA) ডিগ্রি লাভ করেন । তিনি ইনষ্টিটিউট অব চার্টার্ড ফাইন্যান্সিয়াল এনালিষ্টস অব ইন্ডিয়া হতে চার্টার্ড ফাইন্যান্সিয়াল এনালিষ্ট সনদ লাভ করেন । জনাব পাটওয়ারী ইনষ্টিটিউট অব কোম্পানী সেক্রেটারীজ অব ইন্ডিয়া হতে সনদ প্রাপ্ত একজন কোম্পানী সেক্রেটারীও ।

লী বন হিয়ান

২০০৮ সাল হতে পরিচালক।

জনাব লী বন হিয়ান ২০০৮ সালের মে মাসে লিন্ডে গ্যাস এশিয়াতে যোগদান করেন গুচ্ছ দেশগুলি-এর একজন প্রধান হিসেবে যেমন বাংলাদেশ, পাকিস্তান, ফিলিপাইন, শ্রীলংকা ও ভিয়েতনাম।

জনাব লী এশিয়াতে ব্রিটিশ পেট্রোলিয়াম-এ উল্লেখযোগ্য সময় সেল্‌স ও মার্কেটিং, ম্যানুফ্যাকচারিং অপারেশনস, লজিষ্টিকস এবং সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট-এর বিভিন্ন ভূমিকায় দায়িত্ব পালন করেন। এশিয়ার বিভিন্ন ইন্ড্রাষ্ট্রিতে তাঁর কাজের ব্যাপক অভিজ্ঞতা রয়েছে, যেমন-অয়েল, এনার্জি, লুব্রিকেন্টস্, পারফরমেন্স কেমিক্যালস্ এবং বায়ো-ডিজেল ইত্যাদি। তাঁর রয়েছে একটি বহুমূখী কর্মজীবনের প্রেক্ষাপট; সিঙ্গাপুর, তাইওয়ান, থাইল্যান্ড ও ভিয়েতনাম ছাড়া এ অঞ্চলের অন্যান্য দেশগুলিতেও তাঁর কাজ করার ও বসবাসের অভিজ্ঞতা রয়েছে।

জনাব লী সিঙ্গাপুরের জাতীয় বিশ্ববিদ্যালয় (NUS) হতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক (সম্মান) এবং ইন্ডাষ্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতকোত্তর ডিগ্রি দুটি লাভ করেন। তিনি সিঙ্গাপুর ইনিষ্টিটিউট অব ম্যানেজমেন্ট হতে বিজনেস এডমিনিষ্ট্রেশন-এ স্নাতক ডিপ্লোমাও লাভ করেন।

মোঃ ফায়েকুজ্জামান

২০১০ সালের জুলাই মাসে পরিচালকমন্ডলীতে যোগদান করেন।

জনাব মোঃ ফায়েকুজ্জামান বাংলাদেশ বিনিয়োগ কর্পোরেশন (ICB)-এর ব্যবস্থাপনা পরিচালক এবং আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট-এর সভাপতি।

তিনি বাংলাদেশ ইনিষ্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (BICM) - এর পরিচালনা পর্ষদের সদস্যও। স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ, ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভোলপমেন্ট ফাইন্যান্স কোঃ লিঃ (IIDFC), বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ (BDBL), ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোঃ লিঃ (BATBC), গ্ল্যাক্সো স্মীথক্লাইন বাংলাদেশ লিঃ, রেনেটা লিঃ, এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিস লিঃ (ACI), ন্যাশনাল টি কোঃ লিঃ (NTC), সেন্ট্রাল ডিপোজিটরী বাংলাদেশ লিঃ (CDBL), ঢাকা ষ্টক এক্সচেঞ্জ লিঃ (DSE), দি ইনষ্টিটিউট অব ব্যাংকারস বাংলাদেশ, ক্রেডিট রেটিং এজেন্সী অব বাংলাদেশ লিঃ (CRAB), ক্রেডিট রেটিং ইনফরমেশন এ্যান্ড সার্ভিসেস লিঃ (CRISL) এবং এপেক্স ট্যানারী লিঃ -এর পরিচালক।

জনাব মোঃ ফায়েকুজ্জামান ১৯৫৩ সালে জন্মগ্রহণ করেন, তিনি স্নাতক (সম্মান) এবং ব্যবস্থাপনাতে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। তিনি যুক্তরাজ্যের ব্রাডফোর্ড-এর ব্রাডফোর্ড বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন অর্থনীতি ইনষ্টিটিউটশন হতে ইনভেস্টমেন্ট প্ল্যানিং, এপ্রাইজাল এবং ম্যানেজমেন্ট-এ পোস্ট গ্রাজুয়েশন করেছেন। জনাব জামানের বাণিজ্যিক ও বিনিয়োগ ব্যাংকিং-এ ২৫ বছরের কাজের অভিজ্ঞতা রয়েছে। তিনি বর্তমান কর্মস্থলে আসার পূর্বে ২০০৭ সাল হতে অগ্রণী ব্যাংক লিঃ-এর উপ ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্বে ছিলেন। তিনি তার পূর্বে বাংলাদেশ বিনিয়োগ কর্পোরেশন (ICB)-এর মহা ব্যবস্থাপক ছিলেন।

লতিফুর রহমান

২০০৬ সাল হতে পরিচালক।

জনাব লতিফুর রহমান ট্রান্সকম গ্রুপের চেয়ারম্যান এবং সিইও যার বাৎসরিক বিক্রয় প্রায় ২৩ বিলিয়ন টাকা। ১৮৮৫ সালে চা গাছ রোপণের মাধ্যমে এই গ্রুপের উদ্ভব ঘটে।

এই গ্রুপের অধীন কোম্পানীসমূহ পানীয়, ইলেক্ট্রনিক্স, ফার্মাসিউটিক্যাল দ্রব্যাদি,ফাস্ট ফুড, পরিবেশন, প্রিন্টেড মিডিয়া এবং চায়ের ব্যবসায় পরিচালনা করে এবং এ গ্রুপের কোম্পানীসমূহ হলো ট্রান্সকম বেভারেজ লিঃ, ট্রান্সকম ইলেক্ট্রনিক্স লিঃ, এসকেএফ বাংলাদেশ লিঃ, ট্রান্সকম ফুডস লিঃ, ট্রান্সকম ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, মিডিয়াস্টার লিঃ, মিডিয়াওয়ার্ল্ড লিঃ এবং টী হোল্ডিংস লিমিটেড। গ্রুপ রিলায়েন্স ইনসিওরেন্স লিঃ এবং ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এ্যান্ড ইনভেষ্টমেন্টস লিঃ-এর বেশীরভাগ স্টেকহোল্ডারের অধিকারী।

তিনি নেসলে বাংলাদেশ লিঃ, হোলসিম বাংলাদেশ লিঃ এবং ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এ্যান্ড ইনভেষ্টমেন্টস লিঃ-এর চেয়ারম্যান।

জনাব রহমান বর্তমানে ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স, বাংলাদেশ-এর ভাইস প্রেসিডেন্ট ।

তিনি মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ড্রাষ্ট্রি, ঢাকা, ও বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন-এর প্রেসিডেন্ট ছিলেন এবং ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ড্রাস্ট্রি (এফবিসিসিআই), বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন এবং বাংলাদেশ টী এসোসিয়েশন-এর এক্সিকিউটিভ কমিটির সদস্য ছিলেন।

জনাব লতিফুর রহমান সরকারের অর্থ এবং বাণিজ্য নীতিমালা গঠনকারী বিভিন্ন কমিটিতে দায়িত্ব পালন করেন। তিনি ট্রেড বডি রিফর্মস কমিটি-এর চেয়ারম্যান, বাংলাদেশ বেটার বিজনেস ফোরাম, ডব্লিউটিও-এর এ্যাডভাইজারী কমিটি, এক্সপোর্ট প্রমোশন-এর ন্যাশনাল কমিটি এবং জুট-এর কনসাল্টেটিভ কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি বাংলাদেশ ব্যাংক (কেন্দ্রীয় ব্যাংক)-এর এক্সিকিউটিভ বোর্ডের সদস্য ছিলেন।

আইয়ুব কাদরি

২০০৮ সাল হতে পরিচালক।

জনাব আইয়ুব কাদরি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ইংরেজীতে এম,এ এবং যুক্তরাষ্ট্রের কানেকটিকাট বিশ্ববিদ্যালয় হতে পাবলিক এ্যাফেয়ার্সে-এ স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। জনাব কাদরি পাকিস্তান ও বাংলাদেশ-এর প্রশাসনিক একাডেমিতে ব্যাপক প্রশিক্ষণ ছাড়াও সিঙ্গাপুর বিশ্ববিদ্যালয়, আই,এল,ও ইনিষ্টিটিউট জেনেভা, জাতিসংঘ ইনিষ্টিটিউট জাপান, দক্ষিণ পূর্ব এশিয়ার আঞ্চলিক কেন্দ্র ফিলিপাইনে, ইনিষ্টিটিউট অব পাবলিক সার্ভিস এবং ইউ,এস,এ, সহ বহু আন্তর্জাতিক প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণ করেন।

জনাব কাদরি ১৯৬৯ সালে পাকিস্তানের সিভিল সার্ভিসে কর্মময় জীবন শুরু করে বাংলাদেশ সরকারের বিভিন্ন পদে দায়িত্ব পালন করেন; এর মধ্যে তিনি বিভিন্ন মন্ত্রণালয়ে স্থায়ী পদে সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়গুলো হলো: শিল্প, পানি সম্পদ, অর্থনৈতিক সম্পর্ক, খাদ্য, মৎস্য ও পশুপালন, কৃষি ও পল্লী উন্নয়ন। তিনি বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ কর্পোরেশন (BCIC) এর সভাপতি এবং পলী উন্নয়ন বোর্ডের (BRDB) মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।

জনাব কাদরি ২০০৫ সালে সরকারী চাকুরী হতে অবসর নেন। ২০০৭ সালের জানুয়ারী মাস হতে তিনি কেয়ার টেকার সরকারের উপদেষ্টার দায়িত্বে ছিলেন। তিনি শিক্ষা ও সাংস্কৃতিক মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন। তিনি একই বছরের ডিসেম্বর মাসে পদত্যাগ করেন।

জনাব কাদরি বহু সরকারী, ব্যক্তি-মালিকানাধীন ও যৌথ-মালিকানাধীন কোম্পানী-এর বোর্ডের সদস্য হিসেবে ভূমিকা রাখেন। তাছাড়া তিনি বেসিক ব্যাংক লিঃ, কর্ণফুলী ফার্টিলাইজার কোং (KAFCO), ইন্ডাষ্ট্রিয়াল প্রমোশন এন্ড ডেভেলপমেন্ট কোং (IPDC) এবং বাংলাদেশ ইনিষ্টিটিউট অব ম্যানেজমেন্ট (BIM)-এর বোর্ডের সভাপতি ছিলেন।

ইরফান এস মতিন

২০০৮ সাল হতে পরিচালক।

জনাব ইরফান এস মতিন একজন ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার। তিনি বাংলাদেশ ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজি (বুয়েট) থেকে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ গ্র্যাজুয়েশন করেন। ১৯৮০ সাল থেকে তিনি বিওসিতে তাঁর কর্মজীবন শুরু করেন। জনাব মতিন কোম্পানীতে কর্মকালীন সময় বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন যার বেশীর ভাগটাই ছিল মার্কেটিং, বিক্রয়, কাস্টমার সার্ভিসেস, প্রকিউরমেন্ট, ডিস্ট্রিবিউশনস, কাস্টমার ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস, ওয়েল্ডিং-অপারেশনস এবং প্রজেক্টস।

২০১১ সালে জানুয়ারী মাসে কোম্পানীর বোর্ডের পরিচালকবৃন্দ জনাব মতিনকে একজন নতুন ব্যবস্থাপনা পরিচালক হিসেবে জনাব ওয়ালিউর রহমান ভূঁইয়ার স্থলে নিয়োগদান করেন এবং তিনি আগামী ১৩ মে ২০১১ হতে দায়িত্ব পালন করবেন।

তিনি বাংলাদেশ ইঞ্জিনিয়ারস ইনষ্টিটিশন, ঢাকা-এর একজন আজীবন সদস্য।

এম নাজমুল হোসেন

২০১১ সালের ফেব্রুয়ারী মাসে পরিচালকমন্ডলীতে যোগদান করেন।

জনাব এম নাজমুল হোসেন পেশায় একজন চার্টার্ড একাউন্ট্যান্ট এবং শিল্প কারখানাতে তাঁর বহু বছরের কাজের অভিজ্ঞতা রয়েছে। তিনি ১৯৮২ সালে কোম্পানীতে যোগদান করেন এবং কোম্পানীতে পরিচালকমন্ডলীর সদস্য নিযুক্ত হবার পূর্বে বিভিন্ন উচ্চপদে দায়িত্ব পালন করেন। তিনি কোম্পানী সচিবের দায়িত্বও পালন করছেন। তিনি বাংলাদেশ ইনষ্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস-এর একজন সদস্য।

সচিব
এম নাজমুল হোসেন

রেজিষ্ট্রিকৃত কার্যালয়
কর্পোরেট অফিস
২৮৫ তেজগাঁও শি/এ
ঢাকা-১২০৮

অডিটর
রহমান রহমান হক

ব্যাংকসমূহঃ
দি হংকং সাংহাই ব্যাংকিং কর্পোঃ লিঃ
স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক লিঃ
সিটি ব্যাংক এন,এ
সোনালী ব্যাংক লিঃ
প্রাইম ব্যাংক লিঃ
ব্র্যাক ব্যাংক লিঃ

আইন উপদেষ্টা
হক এ্যান্ড কোম্পানী

সৈয়দ ইসতিয়াক আহমেদ্
এ্যান্ড এসোসিয়েটস

আর্থিক ইতিবৃত্ত

		২০০৬	২০০৬	২০০৭	২০০৮	২০০৯	২০১০
		১৫ মাসের	১২ মাসের	১২ মাসের	১২ মাসের	১২ মাসের	১২ মাসের
রেভিনিউ	টাকা '০০০	২,৩৫৮,৯৫৫	১,৮৮৭,১৬৪	২,০০০,১৭২	২,৪৯৮,৫৮৩	২,৭৪২,৮১৭	৩,১৯৯,৩৭৫
কর-পূর্ব মুনাফা	"	৩৩৬,৪২৫	২৬৯,১৪০	৩৫০,১৫৫	৪৫৭,৭৪০	৭৭২,৬১১	৯০৩,২৫৬
কর বরাদ্দ	"	১১২,৯২৬	৯০,৩৪১	৮৯,১৭১	১১৬,১০৬	১৮১,৯৭২	২৪১,৩২০
বিলম্বিত কর	"	(২২,৭৫৩)	-	(২,৬৬৭)	(১৭,৭০৮)	(১৯,২৩১)	(৬,১৩২)
আয়	"	২৪৬,২৫২	১৯৭,০০২	২৬৩,৬৫১	৩৫৯,৩৪২	৬০৯,৮৭০	৬৬৮,০৬৮
প্রস্তাবিত লভ্যাংশ	"	১০৬,৫২৮	৮৫,২২২	১০৬,৫২৮	১১৭,১৮১	১১৭,১৮১	১৫২,১৮৩
অন্তর্বর্তীকালীন লভ্যাংশ প্রদান	"	-	-	-	১৫২,১৮৩	১৫২,১৮৩	৩৮০,৪৫৭
সাধারণ সংরক্ষিত তহবিল*	"	১,০৫১,৩৬৬	-	১,১৯৫,৯১৪	১,৩১২,৫৪৬	১,৬৬৬,১৭৭	১,৮২৩,১৪১
শেয়ার মূলধন	"	১৫২,১৮৩	১৫২,১৮৩	১৫২,১৮৩	১৫২,১৮৩	১৫২,১৮৩	১৫২,১৮৩
শেয়ারহোল্ডারদের ইক্যুইটি*	"	১,২৪৯,৭৩০	-	১,৩৯৪,২৭৮	১,৫১০,৯১০	১,৮৩৮,৫৩৪	১,৯৯৫,৪৯৮
নীট স্থায়ী সম্পত্তি	"	১,০৮৭,১৩১	-	১,০০৪,১২১	৯৬১,১৭৮	৯২২,৭৩৫	১,০৪৩,৫৫২
অবচয়	"	১৬৮,৯৪৬	১৩৫,১৫৭	১৩৪,৩৮৬	১৩৫,৪৬৬	১৩৬,৩২১	১৩২,৭৬৯
শেয়ারপ্রতি আয়	টাকা	১৬.১৮	১২.৯৪	১৭.৩২	২৩.৬১	৪০.০৮	৪৩.৯০
পি ই রেশিও	"	-	৯.০০	১৯.০০	১১.০০	১২.০০	১৬.০০
শেয়ারপ্রতি লভ্যাংশ	"	৭.০০	৫.৬০	৭.০০	১৭.৭০	১৭.৭০	৩৫.০০
লভ্যাংশ (%)		৭০	৫৬	৭০	১৭৭	১৭৭	৩৫০
শেয়ারপ্রতি নীট সম্পত্তি*	টাকা	৮২.১২	-	৯১.৬২	৯৯.২৮	১২০.৮১	১৩১.১৩
শেয়ারপ্রতি পরিচালনা থেকে নগদ অর্থ প্রবাহ	"	২১.৬০	-	২২.১৬	২৫.১১	৬৮.৪১	৪৫.৪৫

* উপস্হাপনের পরিবর্তনের জন্য প্রস্তাবিত লভ্যাংশের সমন্বয় সাধন ।

রেভিনিউ



আয় ও লভ্যাংশ



শেয়ারপ্রতি নীট সম্পত্তি



মূল্য আয়ের অনুপাত



এক নজরে সারা বছর

				-এর তুলনায় পরিবর্তন
		২০১০	২০০৯	২০০৯
রেভিনিউ	টাকা '০০০	৩,১৯৯,৩৭৫	২,৭৪২,৮১৭	১৬.৬৫%
কর-পূর্ব মুনাফা	"	৯০৩,২৫৬	৭৭২,৬১১	১৬.৯১%
আয়	"	৬৬৮,০৬৮	৬০৯,৮৭০	৯.৫৪%
শেয়ারপ্রতি আয়	টাকা	৪৩.৯০	৪০.০৮	৯.৫৪%

মূল্য সংযোজিত বিবরণ

২০১০ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের মূল্য

	সমাপ্ত বছরের ৩১ শে ডিসেম্বর ২০১০ টাকা' ০০০	%	সমাপ্ত বছরের ৩১ শে ডিসেম্বর ২০০৯ টাকা' ০০০	%
মূল্য সংযোজন				
রেভিনিউ	৩,১৯৯,৩৭৫		২,৭৪২,৮১৭	
মালামাল ক্রয় এবং সেবাসমূহ	(১,৭০৯,৬৩৮)		(১,৫৪৩,৪৫৯)	
	১,৪৮৯,৭৩৭		১,১৯৯,৩৫৮	
অন্যান্য আয় ব্যাংক জমা বাবদ সুদসহ	৮২,৯৪৬		১৬৮,৮৭৮	
বিতরণযোগ্য	**১,৫৭২,৬৮৩**	**১০০**	**১,৩৬৮,২৩৬**	**১০০**
বিতরণ				
কর্মচারীবৃন্দকে-পারিশ্রমিক ও সুযোগ সুবিধা বাবদ	৪২১,২২৩	২৭	৩৭৭,২২৪	২৭
মূলধন সরবরাহকারীদেরকে:				
(ক) ঋণের উপর সুদ	১,৩৯৩	-	৯৬৬	-
(খ) প্রস্তাবিত অন্তর্বর্তীকালীন ও চূড়ান্ত লভ্যাংশ	৫৩২,৬৪০	৩৪	২৬৯,৩৬৪	২০
সরকারকে কর, শুল্ক এবং অধিকর বাবদ	৩৪৯,২৩০	২২	২৪৩,৮৫৫	১৮
পুনঃ বিনিয়োগ এবং প্রবৃদ্ধির জন্য রক্ষিত:				
(ক) অবচয়	১৩২,৭৬৯	৮	১৩৬,৩২১	১০
(খ) সাধারণ সংরক্ষণ	১৩৫,৪২৮	৯	৩৪০,৫০৬	২৫
	১,৫৭২,৬৮৩	**১০০**	**১,৩৬৮,২৩৬**	**১০০**

সভাপতির প্রতিবেদন

প্রিয় শেয়ারহোল্ডারগণ,

আমি অত্যন্ত আনন্দের সাথে আপনাদেরকে কোম্পানির ৩৮তম বার্ষিক সাধারণ সভায় স্বাগত জানাচ্ছি। সদ্য শেষ হওয়া হিসাব বছরে, প্রধানত জ্বালানি সংকটের জন্য এবং জাহাজভাঙা শিল্পে পরিবেশ সংক্রান্ত নিয়ন্ত্রণমূলক নতুন বিধিবিধান প্রবর্তনের কারণে সৃষ্টি হওয়া কিছু চ্যালেঞ্জ সত্ত্বেও আপনাদের কোম্পানি যে চমৎকার ব্যবসায়িক সাফল্য অর্জন করেছে তা আপনাদের সামনে তুলে ধরতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। এই চমৎকার ব্যবসায়িক ফলাফল অর্জনের জন্য এবং অব্যাহতভাবে ব্যবসার প্রবৃদ্ধি ধরে রাখতে পারার জন্য আসুন আমরা সবাই মিলে কোম্পানির ব্যবস্থাপনা টিমকে অভিনন্দন জানাই। বলা বাহুল্য, ২০১০ সালে বাংলাদেশের অর্থনীতির সার্বিক সাফল্যই আমাদের কোম্পানির সাফল্যের এই সুযোগ সৃষ্টি করে দিয়েছে।

বিশ্বের বড় বড় শিল্পায়িত অর্থনীতিসমূহের চলমান নিম্নগতির মুখেও গত অর্থ ও পঞ্জিকা বছরে বাংলাদেশের অর্থনীতির অর্জন ছিল সন্তোষজনক। সার্বিক অর্থনীতির প্রবৃদ্ধি ছিল যুক্তিসঙ্গতভাবে শক্তিশালী। পূর্ববর্তী বছরের তুলনামূলক ধীরগতির প্রবৃদ্ধির তুলনায় গত বছর রপ্তানির পরিমাণ বেড়েছে, যার ফলে বৈদেশিক মুদ্রার রিজার্ভ একটি ভালো অবস্থানে পৌঁছতে পেরেছে। তবে, বৈদেশিক মুদ্রা রিজার্ভ বৃদ্ধির অন্য বড় উৎস, প্রবাসী শ্রমিকদের আয়ের প্রবৃদ্ধির গতি কিছুটা হ্রাস পেয়েছে। এখনও দেশের একক বৃহত্তম কর্মসংস্থানের উৎস কৃষি খাতে, অনুকূল আবহাওয়া, সরকারের অব্যাহত উপকরণ সরবরাহ, আর্থিক ও সম্প্রসারণ সেবা সহায়তার ফলে অর্জিত সাফল্য উলেখযোগ্য। কৃষি খাতে আয় বৃদ্ধি দেশের অভ্যন্তরীণ চাহিদা চাঙ্গা করেছে এবং ফলে অর্থনৈতিক প্রবৃদ্ধিতেও অবদান রেখেছে। রাজস্ব আয়ে লক্ষ্যণীয় প্রবৃদ্ধির ফলে সরকার জনকল্যাণমূলক কর্মকান্ডে সম্পদ বিনিয়োগে সমর্থ হয়েছে, যদিও বৈদেশিক সহায়তা ব্যবহার প্রত্যাশিত মাত্রার চাইতে নিচে থেকে যাবে বলে মনে হয়। তবে, মূলত আন্তর্জাতিক বাজারে খাদ্যশস্য ও অন্যান্য খাদ্য সামগ্রীর দ্রুত মূল্য বৃদ্ধির প্রভাবে দেশে খাদ্য মূল্যের ঊর্দ্ধমুখী প্রবণতা বজায় রয়েছে।

রপ্তানিমুখী শিল্পগুলোতে উৎপাদন বৃদ্ধি পেলেও শিল্প খাতের সার্বিক অর্জন আশানুরূপ নয়। বিদ্যুৎ ও গ্যাসের ঘাটতি এবং অবকাঠামোর অপ্রতুলতা শিল্প বিনিয়োগ ও উৎপাদনকে বাধাগ্রস্ত করে চলেছে। আগামী বছর দুয়েকের মধ্যে বিদ্যুৎ সরবরাহ ঘাটতি নিরসনের জন্য উৎপাদন ক্ষমতা বৃদ্ধির প্রয়াস গ্রহণ করা হয়েছে। কিন্তু, বিদ্যমান গ্যাস ক্ষেত্রসমূহের উন্নয়ন এবং নতুন গ্যাস ক্ষেত্র আবিষ্কারের মাধ্যমে গ্যাস উৎপাদন বৃদ্ধিতে দ্রুত অগ্রগতি অর্জন করা না গেলে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি প্রচেষ্টায় এবং শিল্প উৎপাদনে গ্যাসের ঘাটতি একটি বড় বাধা হিসেবে কাজ করতে থাকবে। গ্যাস ঘাটতির কারণে বিদ্যুৎ উৎপাদনের জন্য অধিক ব্যয় বহুল তরল দাহ্য সমূহের উপর বেশি নির্ভর করতে হবে, যার ফলে সামগ্রিক উৎপাদন ব্যয়ও বৃদ্ধি পাবে। দেশের বাড়তে থাকা শ্রমশক্তির জন্য বেশি পরিমাণে গ্রহণযোগ্য পারিশ্রমিক ভিত্তিক চাকুরির সুযোগ সৃষ্টির লক্ষ্যেও শিল্প খাতে দ্রুততর প্রবৃদ্ধি অর্জন করা আবশ্যক। এই খাতের বহুমুখীকরণও প্রয়োজন; এবং আরও প্রয়োজন খাতটিতে কারিগরি দক্ষতা ও উৎপাদনশীলতা বৃদ্ধি করা।

সামষ্টিক অর্থনীতি ব্যবস্থাপনা ও প্রবৃদ্ধির গতিবেগ বজায় রাখার ক্ষেত্রে বেশ কিছু চ্যালেঞ্জ দেখা দিয়েছে। আন্তর্জাতিক বাজারে খাদ্য, জ্বালানি তেল ও পণ্যের মূল্য বৃদ্ধির কারণে মুদ্রাস্ফীতির চাপ আরও বৃদ্ধি পাবে। খাদ্য ও জ্বালানি তেলে ভর্তুকি প্রদানের জন্য বৃহত্তর বাজেট বরাদ্দের প্রয়োজন দেখা দেবে। দেশে আমদানির পরিমাণ দ্রুত বৃদ্ধি পাচ্ছে, এবং ক্রমবর্ধমান সংখ্যক নতুন নতুন জ্বালানি তেল-নির্ভর বিদ্যুৎকেন্দ্রের জন্য জ্বালানি তেল আমদানির ফলে আমদানি ব্যয় অনেক বৃদ্ধি পাবে। এর পাশাপাশি, পরিকল্পনা অনুযায়ী অধিক পরিমাণে খাদ্যশস্য আমদানির ফলে বৈদেশিক মুদ্রার রিজার্ভের উপর নেতিবাচক প্রভাব এবং মুদ্রা বিনিময় হারের উপর চাপ সৃষ্টির সম্ভাবনা রয়েছে। প্রবাসী আয় প্রবৃদ্ধির নিম্নগতি বৈদেশিক মুদ্রা রিজার্ভের উপর বড় ধরনের প্রভাব রাখতে পারে, এবং বৈদেশিক লেনদেনের ভারসাম্য চাপের মুখে পড়তে পারে।

আরও দ্রুত গতিতে দারিদ্র্য নিরসনের জন্য এবং সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যসমূহ অর্জনের নিমিত্তে উচ্চতর প্রবৃদ্ধি অর্জন আবশ্যক। জিডিপি-র অংশ হিসেবে বিনিয়োগের পরিমাণ, বিশেষ করে জনকল্যাণমূলক কর্মকান্ডে উল্লেখযোগ্যভাবে বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি করা প্রয়োজন। দক্ষ শ্রমশক্তির সরবরাহ বৃদ্ধি করা আবশ্যক। বেসরকারি খাতে অধিক পরিমাণে বিনিয়োগ উৎসাহিত করার উদ্দেশ্যে সরকারি খাতের প্রকল্প বাস্তবায়ন, বিশেষ করে অবকাঠামো প্রকল্পসমূহের বাস্তবায়ন, তরান্বিত করা প্রয়োজন। অবকাঠামো উন্নয়নে সরকার সরকারি-বেসরকারি অংশীদারিত্ব ভিত্তিক যেসব নতুন উদ্যোগ গ্রহণ করেছে সেগুলোর ফলাফলও দৃশ্যমান হওয়া উচিৎ। এ জন্য এ ক্ষেত্রে প্রণীত প্রকল্পসমূহের দ্রুত বাস্তবায়নও কাম্য। দেশের অর্থনীতির জন্য অন্যান্য মধ্য-মেয়াদী প্রধান চ্যালেঞ্জগুলো হল খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় সক্ষমতা সৃষ্টি করা, যে দুটো বিষয়ের উপর সরকার যথার্থভাবেই দৃষ্টি নিবদ্ধ করেছে।

ব্যবসায়িক পরিবেশ ও কোম্পানির আর্থিক অগ্রগতি

২০১০ সালটি শুরু হয়েছিল বৈশ্বিক অর্থনীতিতে বিদ্যমান অনিশ্চয়তার সম্ভাব্য নেতিবাচক প্রভাবের প্রবল আশঙ্কা নিয়ে। সৌভাগ্যবশতঃ দেশের অর্থনীতিতে বৈশ্বিক অর্থনীতির অনিশ্চয়তার খুব একটা প্রভাব পড়েনি। যেমন মনে করা হয়েছিল, অভ্যন্তরীণ অর্থনৈতিক পরিবেশ তার চেয়ে অনেক ভাল ছিল। প্রাকৃতিক গ্রাস ও বিদ্যুতের দাম কিছুটা বাড়ার কারণে শিল্প ও ভোগ্যপণ্যের দামের উপর চাপ সৃষ্টি হলেও সার্বিকভাবে কোম্পানীর কাঁচামালের দামের নিম্নমুখী প্রবণতা গ্যাস ও বিদ্যুতের দাম বৃদ্ধির প্রভাব নিষ্ক্রিয় করে দিয়ে আমাদের কোম্পানীর জন্য তা আরও বেশি ইতিবাচক ফলাফল নিয়ে এসেছে। পণ্য তৈরি ও শিল্প উৎপাদন খাতে প্রবৃদ্ধির প্রবণতা ঊর্দ্ধমুখী ছিল এবং পূর্ববর্তী বছরের তুলনায় কাঁচামালের দাম কম ছিল। ওয়েল্ডিং ইলেক্ট্রোডে ব্যবহৃত কাঁচামালের গড় মূল্য পূর্ববর্তী বছরের বর্ষ-শেষ গড় হারের তুলনায় উল্লেখযোগ্যভাবে কম ছিল।

এ রকম পরিস্থিতিতে পূর্ববর্তী বছরের তুলনায় কোম্পানির বিক্রয় বৃদ্ধি পেয়েছে ১৭%, ব্যবসা কার্যক্রমের মুনাফা বৃদ্ধি পেয়েছে ৩৬%, এবং কর-পরবর্তী মুনাফা বৃদ্ধি পেয়েছে ১০%, যাকে একটি রেকর্ড হিসেবে গণ্য করা যায় এবং যা একটি প্রশংসনীয় সাফল্য। এটা সম্ভব হয়েছে কোম্পানি ব্যবস্থাপনার কিছু সময়োপযোগী মূল্য নির্ধারণী সিদ্ধান্ত গ্রহণ এবং নিবিড় ব্যয় পরিবীক্ষণের ফলে। ব্যাংক সুদ থেকে আসা উচ্চতর আয়ও এই মুনাফা বৃদ্ধিতে অবদান রেখেছে।

বছরটিতে চলতি মূলধন ব্যবস্থাপনাও করা হয়েছে বিচক্ষণতার সাথে। এর ফলে আলোচ্য বছরের জন্য ২৫০% হারে অন্তবর্তীকালীন লভ্যাংশ দেওয়ার পরও কোম্পানির তারল্যের পরিমাণ ভাল। আপনাদের পরিচালকমন্ডলী কোম্পানির ক্রমবর্ধমান নগদ রিজার্ভের পরিমাণ নিবিড়ভাবে পরিবীক্ষণ করেছেন যাতে এর সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা যায়, অর্থাৎ লভ্যাংশ প্রদান এবং ভবিষ্যৎ বিনিয়োগ চাহিদা এই উভয়ের মধ্যে যাতে একটি ভারসাম্য রক্ষা করা যায়। ক্রমবর্ধমান দেশীয় চাহিদার পরিপ্রেক্ষিতে ও কিছু কিছু ক্ষেত্রে প্রতিযোগিতা মোকাবিলায় সক্ষমতা অর্জনের জন্য পরিচালকমন্ডলী উচ্চতর প্রযুক্তি প্রক্রিয়ায় বিনিয়োগের প্রতি নজর দিয়েছেন ।

পরিচালকমন্ডলী ২০১০ সালের ৩১ ডিসেম্বরে সমাপ্ত বছরের জন্য শেয়ার প্রতি ১০ টাকা অর্থাৎ ১০০% চূড়ান্ত লভ্যাংশ দেওয়ার সুপারিশ করেছেন। এর জন্য প্রয়োজন হবে ১৫২,১৮২,৮০০ টাকা। তাই বছরটির জন্য মোট লভ্যাংশ প্রদান করতে হবে ৫৩২,৬৩৯,৮০০ টাকা, যা কিনা পূর্ববর্তী বছরের তুলনায় (৩৫০%) বেশি।

কোম্পানির অগ্রগতি আরও স্পষ্টভাবে প্রকাশের জন্য কোম্পানির আলাদা আলাদা ব্যবসা কার্যক্রম সম্পর্কে বিশদ আলোচনা করা হয়েছে। ভিন্ন ভিন্ন কার্যক্রমগুলো হচ্ছে বাল্ক (bulk), পিজিএন্ডপি (প্যাকেটজাত মালামাল ও পণ্য) এবং হসপিটাল কেয়ার, ইত্যাদি।

বাল্ক (Bulk)

বাল্ক কার্যক্রমের সবগুলো প্রধান শাখার অর্জনই সন্তোষজনক ও উত্তম ছিল। বছরের প্রথম ভাগে জাহাজভাঙা খাতে তরল অক্সিজেনের চাহিদা ইতিবাচক ছিল। কিন্তু বাংলাদেশে জাহাজ কাটার জন্য পরিবেশ অধিদপ্তর থেকে 'অনাপত্তি' সনদ (এনওসি) গ্রহণের নতুন নিয়ম চালু করায় বছরের দ্বিতীয় ভাগে তরল অক্সিজেনের চাহিদা কমে যায়। রপ্তানিমুখী শিল্পসমূহে ব্যবহারের কারণে বছরটিতে আরগনের চাহিদা বৃদ্ধি পায়। চাহিদা মাফিক গ্যাস পাওয়া নিশ্চিত করার জন্য বিওসি ইন্ডিয়া বাল্ক গ্যাসসমূহের (শিল্প খাতে ব্যবহৃত অক্সিজেন ও আরগন) সরবরাহ অব্যাহত রাখে। কোম্পানির দুটি বড় গ্রাহক নিজেদের তরল কার্বন ডাইঅক্সাইড প্লান্ট স্থাপন করায়

পূর্ববর্তী বছরের তুলনায় তরল কার্বন ডাইঅক্সাইডের চাহিদা পড়ে যায়। মূলত প্রতিযোগিতার কারণে ড্রাই আইস বিক্রয়ও আগের বছরের তুলনায় কম ছিল।

পিজিঅ্যান্ডপি (প্যাকেটজাত মালামাল ও পণ্য)

কোম্পানির পিজিঅ্যান্ডপি কার্যক্রমের আওতায় রয়েছে শিল্পে ব্যবহৃত সকল কমপ্রেসড গ্যাস ও ওয়েল্ডিং পণ্য। এই ব্যবসার সার্বিক সাফল্য আগের বছরের তুলনায় ভাল ছিল। বছরটিতে এই ব্যবসার মূল পণ্য ছিল মাইল্ড স্টিল ইলেকট্রোড, যার বিক্রয় পূর্ববর্তী বছরের তুলনায় ২৭% বৃদ্ধি পেয়েছে। কমপ্রেসড ইন্ডাস্ট্রিয়াল অক্সিজেনের গ্রাহকেরা তরল অক্সিজেন ব্যবহার শুরু করায় কমপ্রেসড অক্সিজেনের বিক্রয় আগের বছরের তুলনায় অনেক নিচে নেমে যায়; জাহাজভাঙা শিল্পের কাজ কমে যাওয়ায় এবং মার্কেট শেয়ার হারানোর কারণেও কমপ্রেসড অক্সিজেনের চাহিদা পড়ে যায়। শিল্পে ব্যবহৃত অন্যান্য গ্যাসের বিক্রয় ভাল হওয়ায় কোম্পানির এই অংশের সার্বিক বিক্রয়ের পরিমাণ ধরে রাখা সম্ভব হয়। বাজারে এলপিজি ও সিলিন্ডারের সরবরাহ ঠিক থাকায় আলোচ্য বছরে গ্যাসের বিক্রয় ভাল ছিল। আর্থিক সংকটের কারণে সৃষ্ট বৈশ্বিক অর্থনৈতিক অনিশ্চয়তার মুখে, বিশেষ করে মধ্য ও দক্ষিণ-পূর্ব এশিয়ার অর্থনৈতিক অনিশ্চয়তার মুখে, দক্ষ ওয়েল্ডারের চাহিদা কম ছিল এবং সে কারণে ডব্লিউটিসির (ওয়েল্ডিং ট্রেনিং সেন্টার) কার্যক্রমে মন্দাভাব অব্যাহত ছিল।

হসপিটাল কেয়ার

পূর্ববর্তী বছরগুলোর মত ২০১০ সালেও আমাদের হসপিটাল কেয়ার ব্যবসায় প্রবৃদ্ধির গতিবেগ অব্যাহত ছিল। বছরটিতে কোম্পানির এই ব্যবসা কার্যক্রমে কমপ্রেসড ও লিকুইড মেডিকেল গ্যাস বিক্রয়ের পাশাপাশি মেডিকেল যন্ত্রপাতি ও মেডিকেল পাইপ লাইন বিক্রয় ছিল প্রধান বিক্রয় চালিকাশক্তি। আমি আপনাদের জানাতে চাই যে, আপনাদের কোম্পানি ২০১০ সালে মেডিকেল পাইপ লাইন (এমপিএল) ব্যবসা পুনরায় চালু করেছে এবং একটি প্রাইভেট হাসপাতালে একটি এমপিএল স্থাপন করেছে। উল্লেখ করা যেতে পারে যে, প্রেসার সুইং অ্যাবজর্পশন (পিএসএ) এবং একটি নতুন স্থানীয় প্রতিযোগী কোম্পানির নিকট থেকে আমাদের মেডিকেল অক্সিজেন ব্যবসা প্রতিযোগিতার মুখে পড়েছে।

উন্নয়ন

দেশের বিদ্যমান অর্থনৈতিক পরিবেশে কোম্পানির ব্যবসা কার্যক্রমসমূহের অর্জন উৎসাহব্যঞ্জক। কোম্পানির তৈরি অনেক পণ্য পরিমাণ ও রাজস্ব উভয় দিক থেকেই প্রবৃদ্ধি অর্জন করেছে। এ বছরও কোম্পানির বিভিন্ন প্লান্টের উৎপাদন ক্ষমতা ব্যবহার আগের বছরের মত ছিল। এর ব্যতিক্রম ঘটেছে ওয়েল্ডিং ইলেক্ট্রোড প্লান্টে, যেখানে তার নিবন্ধিত ক্ষমতার ১০০% এরও বেশি ব্যবহার হয়েছে। সাবধানের ভিত্তিতে প্রকিওরমেন্ট বা ক্রয়ে ক্রমাগত উন্নতি এবং কার্যকর ব্যয় নিয়ন্ত্রণ কোম্পানির লাভজনকতায় উল্লেখযোগ্য অবদান রেখেছে। কোম্পানিতে এইচপিও (হাই পারফরমেন্স অর্গানাইজেশন) বাস্তবায়নের পাশাপাশি, ২০১৫ সালের মধ্যে উচ্চাভিলাষী ১-২-২-১ লক্ষ্যমাত্রা অর্জনসহ একটি আগ্রাসী প্রবৃদ্ধি কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ২০১০ সালে প্রজেক্ট অ্যাসার্ট (Project ASSERT) নামের একটি প্রকল্প উদ্বোধন করা হয়েছে। প্রজেক্ট অ্যাসার্টের লক্ষ্যমাত্রাগুলো হচ্ছে : নিরাপত্তায় ও মার্কেট শেয়ারে এক নম্বর স্থান দখল করা; রাজস্ব দ্বিগুণ করা; মুনাফা দ্বিগুণেরও বেশি করা; এবং ব্যবসাতে এক নম্বর কোম্পানি হিসেবে নিজেদেরকে প্রতিষ্ঠা করা। ইলেক্ট্রোড ফ্যাক্টরির উৎপাদন ক্ষমতা বাড়ানোর জন্য রূপগঞ্জে একটি নতুন প্রোডাকশন লাইন স্থাপনের কাজ এগিয়ে চলেছে। এই নতুন প্রোডাকশন লাইন স্থাপিত হলে কোম্পানির ইলেক্ট্রোড উৎপাদন ক্ষমতা বার্ষিক ৭,৭০০ মেট্রিক টন বৃদ্ধি পাবে। আমি আপনাদেরকে আরও জানাতে চাই যে, কার্বন ডাইঅক্সাইড গ্যাসের ভবিষ্যৎ চাহিদা মেটাতে কোম্পানির তেজগাঁও ফ্যাক্টরিতে বার্ষিক ৫,৩২০ মেট্রিক টন উৎপাদন ক্ষমতা সম্পন্ন একটি নতুন কার্বন ডাইঅক্সাইড প্লান্ট স্থাপন করা হয়েছে। গ্রাহকদের জন্য উদ্ভাবনী সমাধান কাজে লাগাতে এবং সর্বোত্তম প্রযুক্তি ব্যবহার করতে আমাদের কোম্পানির ব্যবস্থাপনা অঙ্গীকারবদ্ধ।

নিরাপত্তা বিষয়ক কার্যক্রম

আমাদের সকল স্টেকহোল্ডার অর্থাৎ স্বার্থসংশ্লিষ্ট পক্ষের জন্য, বিশেষ করে আমাদের কর্মচারী ও গ্রাহকদের জন্য, লিন্ডে গ্রুপের অন্যান্য সকল প্রতিষ্ঠানের মত এই কোম্পানিতেও নিরাপত্তা ছিল সর্বোচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়। ২০১০ সালে কোম্পানি প্রধান নিরাপত্তা সূচকসমূহ অর্জন করেছে এবং অনগ্রসর অর্থাৎ পিছে পড়ে থাকা সূচকসমূহের গ্রহণীয় ব্যবস্থাপনা করেছে শুধু পরিবহন কার্যক্রমে দুটো দূর্ঘটনা ঘটেছে। আমাদের মনে রাখা প্রয়োজন, নিরাপত্তা এটি এমন এক ক্ষেত্র যেখানে আত্মতুষ্টির কোনো সুযোগ নেই কিংবা সফল হলেও যেখানে থেমে যাওয়া চলবে না। যানবাহন চালকদের এবং দেশের লিডারশিপ টিমের জন্য কোম্পানি লিন্ডে গ্রুপের প্রশিক্ষকের অধীনে একটি সপ্তাহব্যাপী প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়িত করেছে। বড় ধরনের দূর্ঘটনার সংখ্যা হ্রাসে লিন্ডে গ্রুপের নীতি অনুযায়ী, কোম্পানির সকল বড় বড় লোকেশনে সকল কর্মচারীর জন্য লিড সেফ, সাইট সেফ কার্যক্রম এবং সর্বোত্তম নিরাপত্তা বিধি বা গোল্ডেন রুলস অব সেফটি কার্যক্রমসহ বিভিন্ন কার্যক্রম চালু রাখা হয়েছে।

মানব সম্পদ

সারা বছরই শিল্প কার্যক্রমে শান্তি বজায় ছিল এবং উৎপাদনশীলতা বৃদ্ধিমূলক কার্যক্রমসমূহ অব্যাহত ছিল। কোম্পানির টেকসই সাফল্যের জন্য যোগ্যতাসম্পন্ন ও নিষ্ঠাবান কর্মকর্তা ও কর্মচারী থাকা গুরুত্বপূর্ণ পূর্বশর্ত। লিন্ডে গ্রুপের প্রয়োজনের আলোকে, আমাদের জনবল ব্যবস্থাপনার একটি মৌল উপাদান হল, আমাদের কর্মকর্তা-কর্মচারীদের অব্যাহত পেশাগত উন্নয়ন। গ্রুপের মানব সম্পদ বিভাগের দায়িত্ব হচ্ছে পরামর্শ ও সহায়তা প্রদান করা। "পিপল এক্সেলেন্স" শিরোনামের অধীনে, গ্রুপের মানব সম্পদ বিভাগ বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করেছে, যেগুলোতে আমাদের উল্লেখযোগ্য সংখ্যক কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেছেন। এসব প্রশিক্ষণ কর্মসূচি ছাড়াও, আমাদের কোম্পানির নিজস্ব বিশেষজ্ঞদের অধীনে স্থানীয়ভাবে মানব সম্পদ উন্নয়নমূলক বহু প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়িত করা হয়েছে। কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে প্রণোদনা সঞ্চারের জন্য 'এক্সেলেন্স অ্যাওয়ার্ড', 'স্পট রিকগনিশন' ও 'কী এমপ্লয়ি বোনাস স্কিম' চালু রাখা হয়েছে।

তথ্য সেবা

কোম্পানির তথ্য সেবা ব্যবস্থা এর ব্যবসা কার্যক্রমসমূহে মূল্য সংযোজন অব্যাহত রেখেছে। এর ফলে গ্রাহক সেবার মান আরও উন্নত হয়েছে, উপাত্ত নিরাপত্তায় ইলেক্ট্রনিক নিয়ন্ত্রণ ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি পেয়েছে এবং বিজনেস প্রসেস বা কর্ম প্রক্রিয়া প্রমিত হয়েছে। এটিঅ্যান্ডটি-র (AT&T) বিশ্বব্যাপী নিরাপদ নেটওয়ার্কের সাথে কোম্পানির ডাটা কমিউনিকেশন লিংকের সমন্বয় সাধন করা হয়েছে। কোম্পানির তথ্য সম্পদসমূহের সর্বোত্তম নিরাপত্তা বিধানে সর্বাধুনিক প্রযুক্তির সাহায্যে আমাদের সার্ভার রুম পুনর্গঠিত করা হয়েছে। বিওসিবি-র পাবলিক ওয়েবসাইট www.boc-gas.com.bd চালু করার ফলে কোম্পানির আর্থিক প্রতিবেদন প্রকাশ সহজ হয়েছে এবং স্টেকহোল্ডারদের সাথে যোগাযোগের নতুন উপায় প্রতিষ্ঠিত হয়েছে। ডাটা ক্যাপচারিং ও অটোমেটেড পোস্টিংয়ের জন্য ইনটেলিজেন্ট ক্যারেকটার রিকগনিশনের (আইসিআর) প্রবর্তন একটি উদ্ভাবনী পদক্ষেপ, যার মাধ্যমে গ্রাহক অভিজ্ঞতা ভিত্তিক উৎপাদনশীলতা (কাস্টমার এক্সপেরিয়েন্স প্রোডাক্টিভিটি) বৃদ্ধি পাবে।

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ

লিন্ডে গ্রুপের অভ্যন্তরীণ নিরীক্ষা দল (Group Internal Audit Team) তাদের নিজেদের নির্বাচন করা অনেকগুলো ব্যবসা কার্যক্রমে বেশ কিছু সংখ্যক নিরীক্ষা সম্পন্ন করেছে। নিরীক্ষা দল নিয়মিতভাবে নিরীক্ষায় পাওয়া তথ্যাবলী ও তার ভিত্তিতে গৃহীত সমাধানমূলক ব্যবস্থাসমূহের অগ্রগতি ফলোআপ করেছেন এবং নিরীক্ষা কমিটির (Audit Committee) নিকট পেশ করেছেন। ডাটা ক্যাপচারিংয়ের জন্য ব্যবহৃত অ্যাকাউন্টিং সফটওয়্যার পরিপূর্ণভাবে সমন্বিত করা হয়েছে, যা কেবল পদ্ধতিগতভাবে আর্থিক বিবরণী তৈরির জন্য ডাটা ক্যাপচারই করে না বরং হিসাব ব্যবস্থাপনা ও বাজেট নিয়ন্ত্রণের জন্যও ডাটা সরবরাহ করে, এবং এর ফলে সময়োপযোগী ব্যবস্থাপনামূলক সিদ্ধান্ত গ্রহণ সহজ হয়েছে।

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর)

পরিবেশ উন্নয়ন ও সংরক্ষণে লিন্ডে গ্রুপের উদ্যোগ ও নীতি অনুসারে বিওসিবি ২০১০ সালেও বৃক্ষ রোপণ কার্যক্রম অব্যাহত রেখেছে। বাংলাদেশকে আরও সবুজ করে গড়ে তোলার লক্ষ্যে, কোম্পানি ২০১০ সালে হাতির ঝিল প্রকল্প, সেনাবাহিনীর বাস্তবায়নাধীন মিরপুর প্রকল্প, এবং আমাদের রূপগঞ্জ ফ্যাক্টরির নিকটবর্তী স্কুল ও কলেজসমূহে ১৫,০০০ বৃক্ষ রোপন করেছে। ওয়েল্ডিং ট্রেনিং সেন্টার (ডব্লিউটিসি) দক্ষ ও আধা-দক্ষ কর্মী প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত

রেখেছে, যাতে করে প্রশিক্ষণ পাওয়া কর্মীরা বিদেশে কাজ করার জন্য উপযুক্ত হয়ে গড়ে ওঠেন। ডব্লিউটিসি সারা বছর ধরেই তার প্রশিক্ষণ কার্যক্রম চালিয়ে গেছে। কোম্পানির আরেকটি কার্যক্রম হল সদ্য পাশ করা বিশ্ববিদ্যালয় গ্রাজুয়েটদের জন্য ইন্টার্নি প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা, যাতে তারা ব্যবস্থাপনা দক্ষতা ও নেতৃত্ব দক্ষতা অর্জন করতে পারেন। এছাড়া, কোম্পানি ওয়েল্ডিং পণ্যের ডিলারদের মেধাবী সন্তানদের এবং ব্যবস্থাপনা বহির্ভূত স্টাফদের মেধাবী সন্তানদের বৃত্তি প্রদান অব্যাহত রেখেছে।

বোর্ড বিষয়ক

আমরা যখন বিগত বছরে বার্ষিক সভায় মিলিত হয়েছিলাম তখন বোর্ডের গঠন যেমন ছিল এখনও তেমনই আছে; শুধু কোম্পানির প্রাক্তন অর্থ পরিচালক (Finance Director) জনাব আজিজুর রশিদকে আমরা আমাদের মাঝ থেকে হারিয়েছি। বোর্ডে ১৩ বছর ধরে মূল্যবান অবদান রাখার পর তিনি ব্যক্তিগত কারণে আগাম অবসরে যাওয়ার ইচ্ছা প্রকাশ করেন। তাঁর পদত্যাগ কার্যকর হয়েছে ২০১১ সালের ১ ফেব্রুয়ারি থেকে। আমরা তাঁর মূল্যবান অবদানের অভাব বোধ করব। আজ আমরা যারা এখানে উপস্থিত রয়েছি তাদের সকলের পক্ষ থেকে, এবং আমার নিজের পক্ষ থেকে, আমি জনাব আজিজুর রশিদকে কৃতজ্ঞতা জানাচ্ছি এবং তাঁর জন্য এই কামনা করছি যে তিনি যেন তাঁর বাকী জীবনও সাফল্যের সাথে কাটাতে পারেন। জনাব আজিজুর রশিদের স্থলে বিওসি বাংলাদেশ লিমিটেড-এর মহাব্যবস্থাপক, অর্থ (General Manager, Finance) জনাব এম নাজমুল হোসেন একজন নির্বাহী পরিচালক (Executive Director) ও কোম্পানি সচিব (Company Secretary) হিসেবে বোর্ডে যোগ দিয়েছেন। আসুন, আমরা সবাই মিলে তাঁকে স্বাগত জানাই। আমি আশা করি, কোম্পানিতে তিনি তাঁর মূল্যবান অবদান রাখবেন ।

আমি আপনাদেরকে আরও জানাতে চাই যে, জনাব ওয়ালিউর রহমান ভূঁইয়া স্বাস্থ্যগত কারণে স্বেচ্ছায় আগাম অবসর নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছেন এবং ২০১১ সালের মে মাসের ১২ তারিখে কর্মদিবস শেষে তিনি কোম্পানির ব্যবস্থাপনা পরিচালকের পদ থেকে ইস্তফা দেবেন। কোম্পানির পরিচালনা পর্ষদ তাঁর প্রস্তাব গ্রহণ করেছেন। পর্ষদ থেকে এই মর্মে ঘোষণা দেওয়া হয়েছে যে, কোম্পানির বর্তমান ব্যবসা পরিচালক (Business Director) জনাব ইরফান শিহাবুল মতিন ২০১১ সালের মে মাসের ১৩ তারিখ থেকে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক হিসেবে জনাব ওয়ালিউর রহমান ভূঁইয়ার স্থলাভিষিক্ত হবেন। জনাব ভূঁইয়া দীর্ঘ ৩৬ বছর সময়কাল ধরে নিষ্ঠার সাথে কোম্পানিকে সেবা দিয়েছেন এবং কোম্পানিতে তাঁর অবদান বিশাল। আমরা যারা আজ এখানে উপস্থিত আছি তাঁদের সকলের পক্ষ থেকে, এবং আমার নিজের পক্ষ থেকে, আমি অতীত দিনগুলোতে তাঁর অবদানের জন্য তাঁকে কৃতজ্ঞতা জানাচ্ছি এবং সেই সাথে এই কামনাও করছি যে তিনি যেন তাঁর বাকী জীবন সাফল্যের সাথে ও উত্তম স্বাস্থ্য নিয়ে কাটাতে পারেন। ব্যবস্থাপনা পরিচালক হিসেবে জনাব মতিনের নিয়োগ, যা ২০১১ সালের ১৩ মে থেকে শুরু হবে, ২০১৪ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত কার্যকর থাকবে।

ভবিষ্যত সম্ভাবনা

সাম্প্রতিক কালের বৈশ্বিক অর্থনৈতিক সংকট থেকে উত্তরণ এশিয়ার জন্য উৎসাহব্যঞ্জক বলে প্রতীয়মান হয়। প্রতিবেশী দেশ ভারতের জন্য প্রভূত অর্থনৈতিক উন্নতির পূর্বাভাস পাওয়া যাচ্ছে। ভারতের পূর্বাঞ্চল, নেপাল ও ভুটানের সাথে ট্রানজিট সুবিধা চালুর সাথে আমাদের জন্যও নতুন ব্যবসার সুযোগ সৃষ্টি হবে বলে মনে হয়। অন্যদিকে, সরকার ঢাকা মহানগরী ঘিরে এক্সপ্রেসওয়ে ও মেট্রো রেলের মত বিশাল বিশাল প্রকল্পের পরিকল্পনা ঘোষণা করেছেন। সেই সাথে, বেসরকারি খাতে অনেক অনেক নতুন উদ্যোগ, বিশেষ করে বিদ্যুৎ খাতের নতুন নতুন উদ্যোগ যেগুলো বিবেচনাধীন আছে সেগুলোও আপনাদের কোম্পানির জন্য ব্যবসার সুযোগ সৃষ্টি করবে। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, লিন্ডে গ্রুপের নতুন উদ্যোগ প্রজেক্ট অ্যাসার্ট আগামী বছরগুলোতে কোম্পানির জন্য ইতিবাচক পরিবর্তন বয়ে নিয়ে আসবে।

বৈশ্বিক অর্থনৈতিক সংকট থেকে ধীরগতির উত্তরণ এবং বাংলাদেশের অর্থনীতির উপর এর সম্ভাব্য প্রভাব, বিশেষ করে খাদ্য ও জ্বালানি তেলের মূল্য বৃদ্ধির প্রভাব সত্ত্বেও আমি দেশের ব্যবসা পরিবেশে উন্নতি ঘটার ব্যাপারে আশাবাদী। সরকার আন্তরিকভাবেই অর্থনৈতিক কর্মকান্ডের জন্য ব্যবসা পরিবেশে উন্নতি আনার চেষ্টা করে যাচ্ছেন। আপনাদের কোম্পানির ব্যবস্থাপনা টিম এই সব বেসরকারি ও সরকারি উদ্যোগসমূহ থেকে সুবিধা গ্রহণের জন্য পুরোপুরি প্রস্তুত।

যেসব ক্ষেত্রে উৎপাদন ক্ষমতার পূর্ণ ব্যবহার অর্জিত হবে বলে ধারণা করা হচ্ছে সেসব ক্ষেত্রে প্রয়োজনীয় বিনিয়োগ পরিকল্পনা বিবেচনা করা হবে। অবশ্য বৈশ্বিক অর্থনৈতিক সংকটের প্রেক্ষাপটে, সকল বিনিয়োগ প্রস্তাব স্বাভাবিক কারণেই গভীরভাবে পরীক্ষা করে দেখা হবে।

প্রিয় শেয়ারহোল্ডারবৃন্দ,

বোর্ড সদস্য ও শেয়ারহোল্ডারগণকে তাঁদের দেওয়া সমর্থনের জন্য এবং ইতিমধ্যে আমি কোম্পানির যেসব সাফল্যের কথা বলেছি সেসব সাফল্য অর্জন সম্ভব করে তোলার জন্য কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীদেরকে আমি যথারীতি ধন্যবাদ জানাচ্ছি। আমাদের সাফল্যের জন্য আমরা আমাদের গ্রাহক, সরবরাহকারী, ব্যাংকার, সরকারি কর্তৃপক্ষ ও সংস্থাসমূহের কাছেও ঋণী এবং আমি তাঁদেরকেও আমাদের গভীর কৃতজ্ঞতা জানাই।

পরিশেষে, একটি ব্যক্তিগত প্রসঙ্গের মাধ্যমে আমি আমার বিবৃতির ইতি টানতে চাই। আমি ১৯৯২ সালে প্রথম বিওসি বাংলাদেশ লিমেটেডের বার্ষিক সাধারণ সভায় আমন্ত্রিত হই (তখন এই কোম্পানির নাম ছিল বিওএল)। সেই সভা থেকে হিসেব শুরু করলে, আজ এই দেশের সর্বাধিক সম্মানিত কোম্পানিগুলোর একটির শেয়ারহোল্ডার ও ব্যবস্থাপনা স্টাফদের সাথে এটা আমার ২০তম বার্ষিক সাধারণ সভা। এই দীর্ঘ সময়ের পরিক্রমায় আমি ব্যবস্থাপনায় পরিবর্তন দেখেছি, মালিকানায় পরিবর্তন দেখেছি, ব্যবস্থাপনা চর্চায় পরিবর্তন দেখেছি, এবং এরকম আরও অন্যান্য পরিবর্তন দেখেছি। তবে আমি আস্থার সঙ্গে একথা বলতে পারি যে এসব পরিবর্তন আমাদের কোম্পানিকে নতুন নতুন উচ্চতায় নিয়ে গেছে এবং আমাদের শেয়ারহোল্ডারগণের জন্য ক্রমেই উত্তমতর ফলাফল বয়ে এনেছে। সময়ে সময়ে আমি দেখেছি, লিন্ডে গ্রুপের প্রবর্তন করা নতুন ব্যবস্থাপনা পদ্ধতিসমূহের সাথে কোম্পানির শীর্ষ ব্যবস্থাপনা কর্তৃপক্ষসহ ব্যবস্থাপনা স্টাফদের খাপ খাইয়ে নিতে বিশেষ চেষ্টা করতে হয়েছে। তবে আমি যতদূর দেখতে পাই আমার মনে হয়, সব কিছু এখন একটা স্থিতিশীল অবস্থায় এসেছে।

আমার জন্য গত ২০ বছর ছিল কোম্পানির ব্যবসা সম্প্রসারণের এবং বোর্ড সদস্য ও উর্দ্ধতন ব্যবস্থাপনা টিমের সাথে বন্ধুত্ব গড়ার কাল। আমার দাপ্তরিক ক্ষেত্রে এবং সেই সাথে ব্যক্তিগত ক্ষেত্রেও বিওসির স্টাফ সদস্যদের নিকট থেকে আমি যে সহায়তা ও সমর্থন পেয়েছি তা বলে শেষ করতে পারব না। আমি তাঁদেরকে আমার সবিশেষ ধন্যবাদ জানাচ্ছি। তবে আমি এমন কোনো প্রতিশ্রুতি দিতে পারছি না যে আপনাদেরকে ছেড়ে যাওয়ার পরও, কিছুকালের জন্য, আমি আপনাদের কাছ থেকে সহায়তা কামনা থেকে বিরত থাকব।

আমি অত্যন্ত খুশি মনে আমাদের বিশিষ্ট শেয়ারহোল্ডারগণকে, দীর্ঘদিন ধরে আমি যাঁদের ভালবাসা ও শুভাশীষ লাভ করেছি, তাঁদেরকে এটাও জানাতে চাই যে, কোম্পানির একজন নন-এক্সিকিউটিভ ডিরেক্টর হিসেবে আমার পদত্যাগের / অবসরের পর আমার স্থলে দেশের পেশাগত সম্প্রদায়ের একজন অত্যন্ত বিশিষ্ট নারী যোগদান করবেন। তিনি হলেন মিস পারভীন মাহমুদ, যিনি বর্তমানে বাংলাদেশ চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস ইনস্টিটিউটের সভাপতি। তাঁর সর্বশেষ নিযুক্তি ছিল পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের (পিকেএসএফ) উপ ব্যবস্থাপনা পরিচালক হিসেবে, যেখানে তিনি যথাযথভাবেই তাঁর সুনাম প্রতিষ্ঠা করেছেন। আমার কোন সন্দেহ নেই, বোর্ডে এই মূল্যবান সংযোজন আমাদের সম্মানিত শেয়ারহোল্ডারগণ উষ্ণ স্বাগত জানাবে। আসুন, আমরা সবাই দাঁড়িয়ে মিস পারভীন মাহমুদকে স্বাগত অভ্যর্থনা জানাই – যদিও নিয়ম অনুসারে তিনি প্রস্তাবটি অনুমোদনের ভিত্তিতে এই বার্ষিক সাধারণ সভার পরপরই তাঁর প্রথম বোর্ড সভায় যোগদান করবেন। আল্লাহতায়ালা আপনাদের সকলের মঙ্গল করুন এবং চিরদিন এই কোম্পানিরও মঙ্গল করুন।

এম সাইদুজ্জামান
১০ মার্চ ২০১১

পরিচালকমন্ডলীর প্রতিবেদন

পরিচালকমন্ডলী ২০১০ সালের ৩১ ডিসেম্বরে সমাপ্ত বছরের জন্য কোম্পানির নিরীক্ষিত হিসাব বিবরণী উপস্থাপন করতে পেরে আনন্দিত।

কোম্পানি শিল্প ও চিকিৎসা খাতে ব্যবহৃত গ্যাস, ওয়েল্ডিং যন্ত্রপাতি ও পণ্য এবং কিছু কিছু চিকিৎসা পণ্য ও সামগ্রী সরবরাহের ক্ষেত্রে দেশের প্রধান সরবরাহকারী হিসেবে তার অবস্থান অক্ষুণ্ন রেখেছে।

ব্যবসা কার্যক্রম

গত বছর কোম্পানির প্ল্যান্টসমূহের যে উৎপাদন ক্ষমতা ছিল তা দ্বারা শিল্পে ব্যবহৃত প্রধান গ্যাসসমূহের চাহিদা পূরণ করা সম্ভব হয়েছে বিধায় বছরটিতে কোম্পানীর ব্যবসা কার্যক্রম বড় ধরনের কোনো চ্যালেঞ্জের সম্মুখীন হয়নি। সবগুলো প্ল্যান্টই সাবলীলভাবে চলেছে। তবে, লিন্ডে গ্রুপের নীতি অনুসরণ করে নির্ভরযোগ্যতা ও দক্ষতা বৃদ্ধির জন্য ASU প্ল্যান্টে রক্ষণাবেক্ষণের কিছু রুটিন কাজ সম্পন্ন করা হয়েছে। বছরটিতে দুটো ওয়াওকেশা জেনারেটরে বড় ধরনের মেরামত কাজ করা হয়েছে, যার ফলে এগুলোর নির্ভরযোগ্যতা বেড়েছে এবং এগুলোতে প্রাকৃতিক গ্যাস ব্যবহারের পরিমাণ কমেছে। এম এস ইলেক্ট্রোডের উচ্চ চাহিদা মেটানোর উদ্দেশ্যে মেয়াদ অতিক্রম করে যাওয়া হ্যাভলক ইলেক্ট্রোড প্ল্যান্ট পুনরায় চালু করা হয়েছে। অ্যাসিটিলিন ও নাইট্রাস অক্সাইডের চাহিদা স্থিতিশীল ছিল।

কার্বন ডাইঅক্সাইডের ভবিষ্যৎ চাহিদা মেটানোর লক্ষ্যে ২০১০ সালের ডিসেম্বর মাসে তেজগাঁও কারখানায় ৫,৩২০ মেট্রিক টন বার্ষিক ক্ষমতা সম্পন্ন একটি নতুন কার্বন ডাইঅক্সাইড প্ল্যান্ট স্থাপন করা হয়েছে। এম এস ইলেক্ট্রোডের বর্ধিত চাহিদার সাথে তাল মেলাতে রূপগঞ্জে ৭,৭০০ মেট্রিক টন বার্ষিক ক্ষমতা সম্পন্ন একটি নতুন প্ল্যান্ট স্থাপনের কাজ এগিয়ে চলেছে। আশা করা যায়, ২০১১ সালের মাঝামাঝি সময়ে প্ল্যান্টটিতে উৎপাদন শুরু হবে।

আর্থিক ফলাফল

কোম্পানীর অর্জিত বিক্রয় বা ব্যবসায় ১৭% বৃদ্ধি পেয়ে পূর্ববর্তী বছরের ২,৭৪২, ৮১৬,৭১৮ টাকা হতে আলোচ্য বছরে দাঁড়িয়েছে ৩,১৯৯,৩৭৪,৬৪৭ টাকায়। এই বৃদ্ধি ঘটেছে মূলতঃ এম এস ইলেক্ট্রোডের বিক্রয় বৃদ্ধির কারণে।

বছরটিতে কোম্পানির লাভজনকতা নতুন উচ্চতা স্পর্শ করেছে। বিক্রয় বৃদ্ধি ১৭% হলেও কোম্পানির ব্যবসাসমূহের মুনাফা বৃদ্ধি পেয়েছে ৩৬%। কাঁচামালের অনুকূল মূল্য, প্রধান প্রধান তৈরি পণ্যের বিক্রয় বৃদ্ধিসহ স্থায়ী ব্যয় আরও কমিয়ে আনা, এবং সার্বিক ব্যয় নিয়ন্ত্রণের ফলে মুনাফার এই বৃদ্ধি অর্জিত হয়েছে। অনাদায়ী দেনা নিষ্পত্তির ব্যবস্থা অনুমোদন এবং কিছু স্থায়ী সম্পদ বিক্রি করে দেওয়ার ফলেও মুনাফা বৃদ্ধি পেয়েছে।

কোম্পানির করপূর্ব মুনাফা সর্বকালের সর্বোচ্চ পরিমাণে পৌঁছে হয়েছে ৯০৩,২৫৬,৪৪৬ টাকা, পূর্ববর্তী বছরে যা ছিল ৭৭২,৬১১,৬৬৪ টাকা। উপরোক্ত নিয়ামকসমূহের পাশাপাশি সুদ বাবদ উচ্চতর আয় অর্জনের কারণেও মুনাফার এই রেকর্ড বৃদ্ধি সম্ভব হয়েছে।

চলতি মূলধন ব্যবস্থাপনা

গত বছর চলতি মূলধনের সার্বিক ব্যবস্থাপনা সন্তোষজনক ছিল। পূর্ববর্তী বছরের তুলনায় গত বছর কোম্পানির হাতে এবং আমদানী পথে অধিক পরিমাণে ওয়েল্ডিং কাঁচামাল থাকায় এই কাঁচামালের মজুদ ৩০% বৃদ্ধি পায়। বাজারে ইলেক্ট্রোডের বর্ধিত চাহিদা পূরণ কল্পে বর্ষ-শেষ মজুদের মাত্রা পূর্বের তুলনায় বেশি রাখা হয়েছে। সরকারি হাসপাতালগুলো তহবিল সীমাবদ্ধতার কারণে সাম্প্রতিক বকেয়া পরিশোধ না করার কারণে পূর্ববর্তী বছরের তুলনায় গত বছর বকেয়ার মাত্রাও বৃদ্ধি পায়। নেটওয়ার্কিং মূলধনের সার্বিক বৃদ্ধির মাত্রা কেবল ৫%-এ সীমিত রেখে, বর্তমান দায়সমূহের পরিমাণ বৃদ্ধির মাধ্যমে মজুদ ও দেনাদারদের মাত্রায় যে বৃদ্ধি ঘটেছে তার ক্ষতিপূরণ ভালভাবে করা হয়েছে।

লভ্যাংশ

আপনারা অবগত আছেন যে আলোচ্য বছরের জন্য শেয়ার প্রতি ২৫.০০ টাকা (২৫০%) অন্তবর্তীকালীন লভ্যাংশ প্রদান করা হয়েছে, যার মোট পরিমাণ ৩৮০,৪৫৭,০০০ টাকা। উল্লেখ্য, বিগত বছর ২০০৯ সালে অন্তবর্তীকালীন লভ্যাংশের পরিমাণ ছিল শেয়ার প্রতি ১০.০০ টাকা (১০০%) এবং তার মোট পরিমাণ হয়েছিল ১৫২,১৮২,৮০০ টাকা।

পরিচালকমন্ডলী আলোচ্য বছরের জন্য, বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত হওয়া সাপেক্ষে, শেয়ার প্রতি ১০.০০ টাকা (১০০%) চূড়ান্ত লভ্যাংশ সুপারিশ করেছেন, যার মোট পরিমাণ ১৫২,১৮২,৮০০ টাকা (২০০৯ সালের জন্য যা ছিল ১১৭,১৮০,৭৫৬ টাকা)। সে অনুসারে আলোচ্য বছরের জন্য শেয়ার প্রতি মোট লভ্যাংশ দাঁড়াবে ৩৫০%-এ এবং লভ্যাংশ বাবদ পরিশোধিত মোট অর্থের পরিমাণ হবে ৫৩২,৬৩৯,৮০০ টাকা (২০০৯ সালের জন্য যা ছিল ২৬৯,৩৬৩,৫৫৬ টাকা)।

সংরক্ষিত তহবিল

পরিচালকমন্ডলী আলোচ্য বছরে অর্জিত মুনাফা থেকে ৬৬৮,০৬৭,৭৭১ টাকা সাধারণ সংরক্ষিত তহবিলে স্থানান্তরের জন্য প্রস্তাব করেছেন। BAS-19 অনুযায়ী, একচুয়ারিয়াল মূল্য নির্ধারণ মোতাবেক পেনশন তহবিলের ঘাটতি প্রদর্শনের জন্য পুনর্বিন্যাসের প্রয়োজনে সংরক্ষিত তহবিল থেকে ১৩,৪৬৬,০০০ টাকা সমন্বয় করা হয়।

পরিচালকবৃন্দ

কোম্পানির বর্তমান পরিচালকবৃন্দের নাম এই প্রতিবেদনের ৩ পৃষ্ঠা থেকে ৫ পৃষ্ঠায় লিপিবদ্ধ করা হয়েছে।

জনাব এম সাইদুজ্জামান, জনাব মোঃ ফায়েকুজ্জামান এবং জনাব এম নাজমুল হোসেন কোম্পানি সংঘবিধির ৮১ নং অনুচ্ছেদ অনুযায়ী অবসর গ্রহণ করছেন। জনাব এম সাইদুজ্জামান পুনরায় নিয়োগপ্রাপ্ত না হওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। জনাব মোঃ ফায়েকুজ্জামান এবং জনাব মোঃ নাজমুল হোসেন যোগ্য বিধায় পুনঃনিয়োগ পাওয়ার আগ্রহ ব্যক্ত করেছেন।

কর্পোরেট শাসনব্যবস্থা

সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের বিজ্ঞপ্তি নম্বর SEC/CMRRCD/2006-158/Admin/02-08, তারিখ ২০শে ফেব্রুয়ারী ২০০৬ অনুযায়ী আর্থিক বিবরণীর উপর নিয়ন্ত্রণমূলক/আইনগত তথ্যাদি প্রদান করা হয়।

পরিচালকবৃন্দ এই মর্মে প্রতিবেদন প্রদান করেন যে:

- কোম্পানী কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণী কোম্পানীর ব্যবসায়িক কার্যক্রমের সার্বিক অবস্থা, এর কার্যক্রমের ফলাফল, নগদ অর্থের প্রবাহ এবং ইক্যুইটির পরিমাণ পরিবর্তন-এই সকল বিষয়ে একটি সঠিক ও নিরপেক্ষ চিত্র তুলে ধরেছে।
- আইন অনুযায়ী সুষ্ঠু হিসাবরক্ষণ বই সংরক্ষণ করা হয়েছে।

- আর্থিক বিবরণীসমূহ প্রণয়নের ক্ষেত্রে যথোপযুক্ত হিসাবরক্ষণ নীতিমালা অনুসরণ করা হয়েছে এবং হিসাবরক্ষণ বিষয়ক আনুমানিক হিসাবাদি ছিল যুক্তিসঙ্গত এবং বিজ্ঞজনোচিত।

- আর্থিক বিবরণীসমূহ বাংলাদেশে প্রযোজ্য আন্তর্জাতিক হিসাবরক্ষণ বিধি (আইএএস)-এর মান ও নির্দেশ অনুযায়ী প্রস্তুত করা হয়েছে।

- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা পরিকল্পনাগতভাবে ছিল সুষ্ঠু ও সঠিক, এবং কার্যকরভাবে বাস্তবায়নের পাশাপাশি এর পরিবীক্ষণও করা হয়েছে।

- একটি চলমান প্রতিষ্ঠান হিসেবে কোম্পানীর টিকে থাকার সামর্থ্য নিয়ে উখেল্লযোগ্য কোন সন্দেহ বা সংশয় নেই।

- পূর্ববর্তী বছরের কার্যক্রম পরিচালনা সংক্রান্ত ফলাফলের তুলনায় আলোচ্য বছরে উল্লেখযোগ্য পরিবর্তনের বিষয়গুলো হিসাবরক্ষণ বিষয়ক উপস্থাপনা ও পরিচালকমন্ডলীর প্রতিবেদনে বিস্তারিতভাবে বর্ণিত হয়েছে।

২০১০ সালের ৩১শে ডিসেম্বর পূর্ববর্তী তিন বছরের কার্যক্রম পরিচালনা সংক্রান্ত ও আর্থিক বিষয়ক প্রধান প্রধান উপাত্তসমূহ, বোর্ডের সভা সংক্রান্ত তথ্য, নিরীক্ষা কমিটির সভাসমূহ সম্বন্ধে তথ্য, শেয়ারহোল্ডিং-এর ধরণ, ও আইনগত নির্দেশনা পালন বিষয়ক প্রতিবেদন পরিশিষ্ট ১ হতে ৪-এ প্রদান করা হয়েছে।

নিরীক্ষক নিয়োগ

নিরীক্ষক রহমান রহমান হক যোগ্য বিধায় পুনঃনিয়োগ পাওয়ার আগ্রহ ব্যক্ত করেছেন।

পরিচালকমন্ডলীর পক্ষ থেকে,
১০ মার্চ ২০১১

ওয়ালিউর রহমান ভূঁইয়া
ব্যবস্হাপনা পরিচালক

এম সাইদুজ্জামান
পরিচালক ও সভাপতি

কমিটিসমূহ

অডিট কমিটি

সভাপতি	জনাব আইয়ূব কাদরি	পরিচালক
সদস্য	জনাব বিনোদ পাটওয়ারী	পরিচালক
সদস্য	জনাব লী বন হিয়ান	পরিচালক
সদস্য	জনাব লতিফুর রহমান	পরিচালক
সচিব	জনাব এম নাজমুল হোসেন	পরিচালক
	জনাব ইন্দ্রজিত মিত্র	কান্ট্রি প্রধান, ইন্টারনাল অডিট ইন্ডিয়া ও বাংলাদেশ, ইন্টারনাল অডিট এশিয়া/প্যাসিফিক

কান্ট্রি লীডারশীপ টীম

সভাপতি	জনাব ওয়ালিউর রহমান ভূঁইয়া, OBE	ব্যবস্হাপনা পরিচালক
সদস্য	জনাব ইরফান এস মতিন	বিজনেস ডিরেক্টর
সদস্য	জনাব এম নাজমুল হোসেন	ফিন্যান্স ডিরেক্টর
সদস্য	জনাব ফিরোজ এ সিদ্দিকী	জেনারেল ম্যানেজার, হিউম্যান রিসোর্সেস
সদস্য	জনাব কাজী হাসান শরীফ	জেনারেল ম্যানেজার, অপারেশনস
সদস্য	জনাব মোহাম্মদ আবু শায়ের	আই এস ম্যানেজার
সদস্য	জনাব ইফতেখার করিম	হসপিটাল কেয়ার, ম্যানেজার
সদস্য	জনাব মোহাম্মদ আব্দুল মতিন	শিকিউ ম্যানেজার

পরিশিষ্ট -১

২০১০ সালের ৩১শে ডিসেম্বর পূর্ববর্তী তিন বছরের কার্যক্রম পরিচালনা সংক্রান্ত ও আর্থিক প্রধান প্রধান উপাত্তসমূহ

আর্থিক ইতিবৃত্ত

		২০০৭	২০০৮	২০০৯	২০১০
		১২ মাসের	১২ মাসের	১২ মাসের	১২ মাসের
রেভিনিউ	(টাকা'০০০)	২,০০০,১৭২	২,৪৯৮,৫৮৩	২,৭৪২,৮১৭	৩,১৯৯,৩৭৫
কর-পূর্ব মুনাফা	"	৩৫০,১৫৫	৪৫৭,৭৪০	৭৭২,৬১১	৯০৩,২৫৬
কর বরাদ্দ	"	৮৯,১৭১	১১৬,১০৬	১৮১,৯৭২	২৪১,৩২০
বিলম্বিত কর	"	-২,৬৬৭	-১৭,৭০৮	-১৯,২৩১	-৬,১৩২
আয়	"	২৬৩,৬৫১	৩৫৯,৩৪২	৬০৯,৮৭০	৬৬৮,০৬৮
লভ্যাংশ	"	১০৬,৫২৮	১১৭,১৮১	১১৭,১৮১	১৫২,১৮৩
